দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 JUL 1997
পৃষ্ঠা ৯ কলাম ২

# যেসব কলেজে কেবল নাই!

শরিফুজ্জামান পিন্টু

'নাই' শব্দটি তিন বার করে লেখা আছে দেশের ২৫৮টি ডিগ্রী কলেজের নামের পাশে। বিএ, বিকম, বিএসএস এবং বিএসসি'র কোন না কোন শাখায় এসব কলেজের একজন পরীক্ষার্থীও পাস করতে পারেনি।

মঙ্গলবার প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার

(১৫ পৃঃ ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর) **যেসব কলেজে**

ফলাফলে এ তথ্য পাওয়া গেছে। উল্লিখিত ২শ' ৫৮টি কলেজের মধ্যে বিএ পরীক্ষায় ৮৯টি কলেজ থেকে একজন পরীক্ষার্থীও পাস করেনি। বিকম পরীক্ষায় ৯৩টি কলেজ ফাঁকা গেছে। বিএসসি পরীক্ষায় কেউ পাস করেনি ১৮টি কলেজে। আর বিএসএস পরীক্ষায় ৫৮টি কলেজ ফাঁকা গেছে।

প্রকাশিত ফলাফলে দেখা যায়, রাজধানীতে সরকারী কলেজগুলোর তুলনায় বেসরকারী কলেজগুলো ভাল ফল করেছে। সার্বিকভাবে ঢাকা কমার্স কলেজ, সিটি কলেজ, তেজগাঁও কলেজ, লালমাটিয়া কলেজ, নটরডেম কলেজ, শেখ বোরহানউদ্দীন পোস্ট গ্রাজুয়েট কলেজ, সিদ্ধেশ্বরী কলেজ ও আবুজর গিফারী কলেজসহ বেশ কয়েকটি বেসরকারী কলেজ ভাল করেছে। সরকারী কলেজগুলোর মধ্যে ইডেন বিশ্ববিদ্যালয় কলেজ ভাল করেছে।

এ বছর প্রচুরসংখ্যক ছাত্রছাত্রীর ফল স্থগিত রাখা হয়েছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনসহ বিভিন্ন অভিযোগে তাদের ফল স্থগিত করা হয়। এদের সংখ্যা ৫ হাজার ছাড়িয়ে যাবে বলে বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র ধারণা প্রকাশ করেছে।

বিএ পরীক্ষায় ২০টি মেধা তালিকায় অন্তর্ভুক্ত ৩৬ জনের মধ্যে ১৮ জনই প্রাইভেট পরীক্ষার্থী। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারও করেছে প্রাইভেট পরীক্ষার্থীরা। তেজগাঁও কলেজে বিএ পরীক্ষায় মেধা তালিকায় স্থান পেয়েছে ছ'জন ছাত্রছাত্রী। এ ছাড়া ১৯ জন প্রথম বিভাগ পেয়েছে। সিটি কলেজ থেকে বিকম পরীক্ষায় চার জন মেধা তালিকায় স্থান পেয়েছে।

বিগত বছরগুলোর মতো এবারও বিএসসি পরীক্ষায় পরীক্ষার্থী ছিল কম, ১১ হাজার ৫শ' ৯৮। সবচেয়ে বেশি পরীক্ষার্থী ছিল বিএ পরীক্ষায়, ১ লাখ ২৮ হাজার ৪শ' ৯৭।